সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য

(৩১) ফাউন্ডেশন সুবিধা বঞ্চিত ও ছিন্নমূল শিশুদের জন্য সেইফহোম প্রতিষ্ঠা ও পরিচালনা করবে। এবং তাদের মৌলিক অধিকার প্রতিষ্ঠা করার লক্ষ্যে কাজ করবে।

(৩২) বয়োবৃদ্ধদের জন্য বৃদ্ধাশ্রম ও কর্মজীবি মায়েদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা ও পরিচালনা করবে।

(৩৩) সর্বস্তরে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সামাজিক,ধর্মীয় কুসংস্কার দূরীকরনার্থে বিভিন্ন সভা, সমাবেশ, সেমিনার কর্মশালা, সিম্পোজিয়াম ইত্যাদির মাধ্যমে প্রচারনা করা।

(৩৪) সমাজ উন্নয়নে জনগনের সক্রিয় অংশ গ্রহণ ও ভূমিকা ত্বরান্বিত করার লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে সঠিক তথ্য, খবরাখবর তৈরী, এক বা একাধিক প্রকাশনা, পরিবেশনা ও বিতরনের ব্যাবস্থা করা।

(৩৫) সমাজ উন্নয়নমূলক উপকরণ তৈরী, প্রচারনা, পুনঃ প্রকাশনা ও বিতরণের ব্যবস্থা করা যাতে সমাজ বিরোধী কার্যকলাপ হতে জনগণকে বিরত রাখা যায় এবং জনগণ সঠিক তথ্য পেয়ে সঠিকভাবে কাজ করতে পারে তার ব্যাবস্থা করা।

(৩৬) ফাউন্ডেশনের স্বার্থে সব ধরনের শর্তবিহীন আর্থিক সাহায্য,মঞ্জুরী, দান, সহযোগীতা, উপকার, চাঁদা গ্রহণ {বৈদেশিক দান, মঞ্জুরী, সাহায্য ও সহযোগীতার ক্ষেত্রে ১৯৭৮ এর স্বেচ্ছাসেবী (তৎপরতা) রেগুলেশন অর্ডিনেন্স নং-১৯৭৮ প্রযোজ্য}এবং উক্ত দান, মঞ্জুরী, সাহায্য, সহযোগীতা, উপকার গ্রহনের মাধ্যমে বিভিন্ন তহবিল সংগ্রহ অর্জন ও সম্পদ ও সম্পত্তির রক্ষণাবেক্ষণ।

(৩৭) ফাউন্ডেশনের কার্যক্রমের জন্য স্থাবর, অস্থাবর সম্পত্তি ক্রয় করা, সরকার হতে লীজ গ্রহণ করা, তাদেও জন্য বিল্ডিং বা ফ্লাট নির্মাণ এবং সরকারের নীতির আলোকে আইন গত বা বিধিগত আদেশ ও অনুমোদনে সকল ধরনের সমাজ উন্নয়ন ও কল্যাণকর কার্যক্রম বাস্তবায়ন করা।

(৩৮) স্থানীয়ভাবে উৎপাদনকৃত শাক-সবজি,ফল-মুলাদি দিয়ে কম খরচে পুষ্টিকর শিশুখাদ্য প্রস্তুত করার নিমিত্তে প্রশিক্ষনের ব্যবস্থা করা এবং সেই নিরীখে খামার অথবা প্রকল্প গড়ে তোলা।

(৩৯) ফাউন্ডেশন প্রাকৃতিক দূর্যোগ যথা - ঘুর্ণিঝড়, বন্যা ও অন্যান্য যে কোন মহামারীর কবলে পতিত ক্ষতিগ্রস্ত দেরকে সাধ্যানুযায়ী ঋণ ও সকল প্রকার সাহায্য ও সহযোগীতা প্রদান করা।

(৪০) এসিড সন্ত্রাস এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা ও এসিড আক্রান্তদের অর্থনৈতিক ও সামাজিকভাবে পূনর্বাসনে অত্র ফাউন্ডেশন কাজ করবেএবং সার্বিক সহযোগিতা করবে।

(৪১) ঢাকা শহরে ভাসমান জনগোষ্ঠীকে সরকার ঘোষিত একটি ঘর একটি সমন্বিত খামার প্রকল্পের সাথে একাত্ম হয়ে ঘরে ফেরা কর্মসূচি সফল করার উদ্দেশ্যে অত্র ফাউন্ডেশন কাজ করবে।

(৪২) শিশুশ্রম বন্ধ করা, শিশু অধিকার প্রতিষ্ঠা করা, শিশু মাদক প্রবণতা রোধ ইত্যাদি শিশু উন্নয়নমূলক

কার্যক্রম পরিচালনা করা। বয়স্ক ও শিশুদের মধ্যে নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচি পরিচালনা করা।

(৪৩) যুব ও যুবমহিলাদের কম্পিউটার প্রশিক্ষণ, রান্না শিক্ষা, সেলাই-কাটিং ও বক-বাটিক-বুটিক এর কাজ, বাঁশ-

বেত ও পাটের জিনিসপত্র তৈরীর কাজ, উলের কাজসহ বিভিন্ন প্রকার হাতের কাজ, নার্সারী প্রশিক্ষণ, মৎস্য চাষ, পশুপালন ও সকল প্রকার মৌলিক প্রশিক্ষণ প্রদান।

(৪৪) প্রতিবন্ধী ব্যক্তিদের সনাক্তকরণ, শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান এবং পুনর্বাসনের ব্যবস্থা করা।

(৪৫) ছাত্র-ছাত্রী, লেখক-লেখিকা, গবেষক ব্যক্তিবর্গের কার্যক্রমে উৎসাহ প্রদান করাএবং তাদের লেখা ও গবেষণা প্রকাশনার ব্যবস্থা করা। গরীব ও মেধাবীছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের ব্যবস্থা করা।

(৪৬) সরকার ঘোষিত জনসংখ্যা নিয়ন্ত্রণে পরিবার পরিকল্পনা বাস্তবায়ন কল্পে জনসাধারণের মধ্যে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি সফলভাবে প্রয়োগের মাধ্যমে জনসংখ্যা নিয়ন্ত্রণের কল্যাণমুখী সকল কর্মসূচি বাস্তবায়ন করা। জন্ম নিবন্ধনের জন্য বহুল প্রচারের ব্যবস্থা করা। ইপিআই এর আওতায় শিশুদের বিভিন্ন রোগের টিকাদান কর্মসূচি বাস্তবায়ন করা। বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা. সেমিনার ও প্রচারের মাধ্যমে জন্ম নিয়ন্ত্রণ করা এবং মা ও শিশুর স্বাস্থ্য, পুষ্টিহীনতা সম্পর্কে সচেতন করে তোলা।

(৪৭) পতিতাবৃত্তি ও ভিক্ষাবৃত্তি উচ্ছেদের লক্ষ্যে কর্মসংস্থানের সহায়তা করা এবং প্রয়োজনে অনুদান প্রদানের ব্যবস্থা করবে।।

(৪৮) সাংস্কৃতিক ও চিত্তবিনোদন কর্মসূচি গ্রহণ। শিক্ষারমান উন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ছাত্র-ছাত্রীদের মধ্যে বিভিন্ন প্রতিযোগীতামূলক কার্যক্রম চালু করা।

(৪৯) পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সকল রাষ্ট্রীয় এবং সামাজিক কর্মকান্ডে অংশ গ্রহণ নিশ্চিত করা।

(৫০) জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রাকৃতিক দূর্যোগ এবং জরুরী অবস্থায় অভিষ্ঠ জনগোষ্ঠীদের ত্রাণ ও পুনর্বাসনের উদ্যোগ এবং গবেষণা কার্যক্রম গ্রহণ করা।

(৫১) মুক্তিযুদ্ধের আদর্শ বাস্তবায়ন, দুস্থ বেকার মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গের বিভিন্ন প্রকার সহায়তা প্রদান এবং পুনর্বাসনের লক্ষে কর্মসংস্থান সৃষ্টি করা।

(৫২) লোকসাহিত্যের বিকাশ, হারিয়ে যেতে বসা লোকসংস্কৃতি রক্ষা ও গুণি জনের পৃষ্ঠপোষকতার এবং পুরস্কৃত করার বাস্তবধর্মী প্রকল্প গ্রহণ।

(৫৩) সমাজের ছিন্নমূল, এতিম, গরীব, ভবঘুরে ও অসহায় শিশুদের অন্ন, বস্ত্র, বাসস্থান ও শিক্ষার অধিকার

নিশ্চিতকরা। বিভিন্ন অসহায়, প্রতিবন্ধী ও পিছিয়ে পড়া দরিদ্র জনগোষ্ঠীর মাঝে শীত বস্ত্র বিতরণ করা।

(৫৪) আশ্রয়হীন ব্যক্তি/ পরিবারকে গৃহনির্মাণে সাহায্য করা এবং সদস্যগণ যৌথভাবে ফ্লাট নির্মাণ করলে সহযোগিতা করা অথবা, একত্রে ফ্লাট নির্মাণ করা ।

(৫৫). নারীর ক্ষমতায়ন ও নারীর অধিকার সৃষ্টিকরা। ধর্ম, বর্ণ ও লিঙ্গ বৈষম্য দূর করা।

(৫৬) নারী/শিশু পাচার, বাল্য বিবাহ, যৌতুক প্রতিরোধ, কন্যাদায় গ্রস্থ পিতাকে সহায়তা দান। ধূমপান ও মাদকমুক্ত সমাজ গঠনে জনসাধারনের মানুষের মধ্যে ভ্রাতৃত্ববোধ, সৌহার্দ্যপূর্ণ পরিবেশ, সহমর্মিতা, মানবিকতা জাগ্রত করা। সামাজিক বন্ধন সুদৃঢ়করণ।

(৫৭) সরকারী ও বেসরকারী সকল সংস্থার সাথে উন্নয়নমূলক কার্যক্রমে সম্পর্ক স্থাপন এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ স্থাপন করা।

(৫৮) আর্থ-সামাজিক ও মানসিক দক্ষতা উন্নয়নের জন্য জনগণকে সচেতন করা। প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্ত মানবতা সেবা দান ও পুনর্বাসন এবং চিকিৎসার ব্যবস্থাসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে সরকারের সাথে সহযোগিতা করা। যাকাতের অর্থ প্রদানের মাধ্যমে অসহায় দুঃস্থদের উপার্জনক্ষম করা।

(৫৯) মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে বৃত্তি প্রদান, অসচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তি প্রদান এবং শিক্ষা উপকরণ সরবরাহ করা। মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রকল্প পরিচালনা করা।

(৬০) বেকার যুবকদের আত্ম-কর্মসংস্থানের জন্য স্থানীয়ভাবে বিভিন্ন কারিগরী প্রশিক্ষণের ব্যবস্থা করা।

(৬১) চিকিৎসা সহায়তা, ঔষধ ও সরঞ্জামাদি সরবরাহ, চিকিৎসার দিক নির্দেশনা এবং স্বাস্থ্য ও স্যানিটেশন ও সচেতনতা সৃষ্টি করা।

(৬২) সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য বহুল প্রচারের জন্য হ্যান্ডবিল, ওয়ার্কশপ, সেমিনার প্রভৃতির আয়োজন করা।

(৬৩) খাদ্য ও কৃষিপণ্য সামগ্রি উৎপাদন ও বাজারজাতকরণে সহায়তা করা।

(৬৪) মৃতের সৎকারের ব্যবস্থা করা। অসহায় দুঃস্থদের মাঝে শীত বস্ত্র প্রদান এবং পবিত্র ঈদ-উলফিতর

ও ঈদ-উল আযহা উদযাপনে খাদ্য সামগ্রী অথবা আর্থিক সহায়তা প্রদান।

(৬৫) পরিবেশ উন্নয়ন ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা, বনায়ন, উপকারী কীটপতঙ্গ ও জীবাণু সংরক্ষণ ও সচেতনতা সৃষ্টি করণ/ উন্নয়ন, বন্যপ্রাণী সংরক্ষণ, পরিবেশ দূষণ প্রতিরোধকল্পে সর্বাত্মক প্রচেষ্টা ও সহায়তা দান। আধুনিক জ্বালানী পদ্ধতি প্রবর্তন নিশ্চিতকরণ এবং বায়োগ্যাস প্রযুক্তি, উন্নত চুলার প্রচলন নিশ্চিত করা।

(৬৬) দেশের জনগোষ্ঠীকে তাদের জ্ঞানগর্ভ ও ধর্মীয় পুস্তক পাঠে আগ্রহ সৃষ্টি করা। দেশী, বিদেশী, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক পত্র-পত্রিকা, ম্যাগাজিন, জার্নাল ও পুস্তকের সমাহারে লাইব্রেরী ও গবেষণা কেন্দ্র পরিচালনা করা।

(৬৭) খাস ভূমি, জলাশয়, বিল, বনভূমি ইত্যাদি পরিবেশবান্ধব ভাবে উপস্থাপন করা , উদ্ভিদ ও প্রাণী বৈচিত্র রক্ষা সচেতনতা সৃষ্টি করা।

(৬৮) কার্যক্রমের সুবিধার্থে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে কার্যক্রম পরিচালনা করা। সরকারী ও বেসরকারী সকল সংস্থার সাথে উন্নয়নমূলক কার্যক্রমে সম্পর্ক স্থাপন। গবেষণা, সভা, প্রশিক্ষণ ও কর্মশালা, উন্নয়ন বিষয়ক সেমিনার ও সিম্পোজিয়াম অনুষ্ঠানের আয়োজন করা।